

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

বরাবর

বার্তা সম্পাদক

আপনার জনপ্রিয় সংবাদ মাধ্যমে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ



সুলতীমা কামাল

আহবায়ক

‘ডেইলি স্টার’-এর সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে মামলা হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ-এর গভীর উদ্বেগ

[ঢাকা, ১৮ ফেব্রুয়ারি ২০১৬] ডেইলি স্টার পত্রিকার সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগে মামলা এবং সমন জারির ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ (এইচআরএফবি)) গভীর উদ্বেগ প্রকাশ করছে। এইচআরএফবি হচ্ছে ১৯টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত ফোরাম।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ৩ ফেব্রুয়ারি ২০১৬ রাতে একটি বেসরকারি টেলিভিশনের টকশোতে সংবাদ প্রকাশের স্বাধীনতা ও গণমাধ্যমের বিচ্যুতির প্রসঙ্গে দেশের উল্লেখযোগ্য ইংরেজি দৈনিক ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম ২০০৭ সালে ডেইলি স্টার পত্রিকায় একটি সংবাদ যাচাই না করে ছাপার কারণে দুঃখ প্রকাশ করেছিলেন। মাহফুজ আনামের দুঃখ প্রকাশের পরপরই তার বিরুদ্ধে যেভাবে অভিযোগ এনে মামলা দায়ের করা হয়েছে এবং আদালত কর্তৃক সমন জারি হয়েছে-তা গভীর উদ্বেগের বিষয়।

আমরা মনে করি, আইনি প্রক্রিয়ার নামে এ ধরনের হয়রানিমূলক ও উদ্দেশ্যপ্রণোদিত ঘটনা গণমাধ্যমের স্বাধীনতার জন্য মোটেও ইতিবাচক নয়। বরং এতে মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা চরমভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। লক্ষ্যণীয় ব্যাপার হচ্ছে- সম্পাদক মাহফুজ আনামের বিরুদ্ধে তৃতীয় পক্ষ কর্তৃক মানহানির মামলা ও রাষ্ট্রদ্রোহের অভিযোগের ব্যবহার; ব্যক্তিবিশেষের বিষয়ে মন্তব্যের ক্ষেত্রে যার কোন প্রযোজ্যতা নেই। দেশে মৌলিক মানবাধিকার ও আইনের যথাযথ প্রয়োগ আছে বলে যেখানে দাবি করা হয়, সেখানে এ ধরনের ঘটনা অনভিপ্রেত। বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ-৩৯ প্রত্যেক নাগরিকের বাক ও ভাব প্রকাশের স্বাধীনতা ও অনুচ্ছেদ-১১ মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তাকে নিশ্চিত করে।

আমাদের প্রত্যাশা, গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতকরণ ও এক্ষেত্রে সাংবিধানিক সুরক্ষার বিষয়কে চিন্তা করে সংশ্লিষ্ট সকলে এ বিষয়ে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন। এছাড়া মাহফুজ আনামের মতো ব্যক্তির বিরুদ্ধে চলমান হয়রানিমূলক পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকার, প্রধানমন্ত্রীর সহ সংশ্লিষ্ট সকলের পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানাচ্ছি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 880-2-8100192, 8100195, 8100197, Fax: 880-2-8100187
Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)